সংবাদ

তারিখ ...... 30 APR 2016
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 6 ......

# গরমে স্কুলের শিফট পরিবর্তন করা যাবে

নিজস্ব বার্তা পরিবেশক

তীব্র দাবদাহের সময় পরিচালনা কমিটির অনুমোদন নিয়ে উচ্চ বিদ্যালয়গুলো মর্নিং স্কুল চালু করতে পারবে বলে জানিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)। অধিদফতরের এক নির্দেশনায় বলা হয়েছে, স্থানীয় পর্যায়ে দাবদাহের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পরিচালনা কমিটি বিদ্যালয়ের নির্ধারিত শ্রেণী কার্যক্রমের সময়সূচি পুনর্বিন্যাসের ব্যবস্থা করতে পারেন। প্রাত্যহিক সমাবেশ স্থগিত করে ডাবল শিফট বিদ্যালয়ে নির্ধারিত সময়ের আগেই শ্রেণী কার্যক্রম শুরু করা যেতে পারে বলেও নির্দেশনা দিয়েছে মাউশি। মাউশি বলছে, বিদ্যালয় কর্তৃপক্ষকে শিক্ষার্থীদের জন্য নিরাপদ পানীয় জলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।